সকলেরে কাছে ডাকি         আনন্দ-আলয়ে থাকি
অমৃত করিছ বিতরণ ।
পাইয়া অনন্ত প্রাণ         জগত গাহিছে গান
গগনে করিয়া বিচরণ ।
সূর্য শূন্যপথে ধায়—   বিশ্রাম সে নাহি চায়,
সঙ্গে ধায় গ্রহপরিজন ।
লভিয়া অসীম বল         ছুটেছে নক্ষত্রদল,
চারি দিকে চলেছে কিরণ ।
পাইয়া অমৃতধারা         নব নব গ্রহ তারা
বিকশিয়া উঠে অনুক্ষণ—
জাগে নব নব প্রাণ,         চিরজীবনের গান
পূরিতেছে অনন্ত গগন ।
পূর্ণ লোক লোকান্তর,         প্রাণে মগ্ন চরাচর
প্রাণের সাগরে সন্তরণ ।
জগতে যে দিকে চাই         বিনাশ বিরাম নাই,
অহরহ চলে যাত্রীগণ ।
মোরা সবে কীটবৎ,         সমুখে অনন্ত পথ
কী করিয়া করিব ভ্রমণ ।
অমৃতের কণা তব         পাথেয় দিয়েছ, প্রভো,
ক্ষুদ্র প্রাণে অনন্ত জীবন ॥

---